

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

উত্তরখান শাখা, ঢাকা।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, উত্তরখান শাখা, ঠিকানা-১৮৪৩/এ, শাহ কবির মাজার রোড, উত্তরখান, ঢাকা এর ঋণগ্রহীতা মেসার্স এস.এম. এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-মোঃ শামসুল আলম, পিতা-মৃত ফজলুর রহমান, মাতা-মোকসুদা বেগম, ঠিকানা-জিয়াবাগ, চৌরাস্তা, ময়নারটেক, উত্তরখান, ঢাকা-১২৩০ এবং গ্রাম-আয়ানগর, পোঃ সমিতির বাজার, থানা-রামগঞ্জ, জেলা-লক্ষ্মীপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে ক) মোহাম্মদ মোশারফ হোসেন ও খ) মোছাম্মৎ বিলকিছ নাহার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত ভবন রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫-০৯-২০১৬ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৪০,৫৩,৮২৮.৬৯ (চল্লিশ লক্ষ তেপ্পান্ন হাজার আটশত আটশ টাকা উনসত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত ভবন যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাজ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। জেলা- ঢাকা, থানা- উত্তরখান, সাব-রেজিস্ট্রি অফিস-উত্তরা, জে.এল.নং-সি.এস.-১৯৫, এস.এ.-১৭, আর.এস.-১৪, ঢাকা সিটি জরিপ-১৯, মৌজা- উত্তরখান, খতিয়ান নং- সি.এস. ৮৮১, এস.এ.-১৩৬০, আর.এস.-৭৬৬, ঢাকা সিটি জরিপ-১১২০৯, মিউটেশন খতিয়ান নং- ২৯৪৬৭, জোত নং-৮২/৬০, দাগ নং- সি.এস. ও এস. এ. ২০০৬, আর.এস.-৪৭১৪, ঢাকা-সিটি জরিপ-১৬৮০১, মোট জমির পরিমাণ ৮.২৫ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-কায়েম বক্স, দক্ষিণে-দবির উদ্দীন, পূর্বে-রাস্তা, পশ্চিমে-মোঃ মোশারফ হোসেন।
- ২। জেলা- ঢাকা, থানা- উত্তরখান, সাব-রেজিস্ট্রি অফিস-উত্তরা, জে.এল.নং-সি.এস.-১৯৫, এস.এ.-১৭, আর.এস.-১৪, ঢাকা সিটি জরিপ-১৯, মৌজা- উত্তরখান, খতিয়ান নং- সি.এস.-৬৪, এস.এ.-১১২, আর.এস.-১৬৭২, ঢাকা সিটি জরিপ-১১১৮৪, দাগ নং-সি.এস. ও এস.এ.-১৪৭৩, আর.এস.-৪৪৬৫, ঢাকা-সিটি জরিপ-৮২৭৩, মোট জমির পরিমাণ ৫.০০ শতাংশ এবং তদুপরিস্থিত সেমিপাকা ভবন যাহার চৌহদ্দীঃ উত্তরে-মোঃ আলম, দক্ষিণে-গাফ্ফার মোল্লা, পূর্বে-আহাদ সরকার এবং পশ্চিমে-শাহাজ উদ্দিন।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ২৫/১০/২০১৬ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, উত্তরখান শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার শতকরা ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি, উত্তরখান শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রিশন ফ্রি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিত হইবে।
- ৭। দরপত্র জমা নেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থা, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখা, ঢাকা।